আজকের কাগজ

তারিখ 29 JAN 1995

পৃষ্ঠা ৬ কলাম ৬

# স্ব-শিক্ষা আন্দোলন এগিয়ে যাচ্ছে

দেশের ১৪১ টি থানার ৬৬৫০ জন স্বেচ্ছাসেবী "নিজেরা শিখির" সহযোগিতায় অদ্যাবধি ২,২১,৯৩৯ জন নিরক্ষরকে সাক্ষর করার উদ্যোগ নিয়েছেন। সবচেয়ে বেশি যথাক্রমে পটুয়াখালী (২৬,২৮০), শেরপুর (২৪,৪৯০), কুড়িগ্রাম (২১,১২৯), জামালপুর (১৯,২৯৬), গাইবান্ধা (১৪,১৭০), সিরাজগঞ্জ (১২,৮০২), চাঁদপুর (১২,৪৩০) ও ঝিনাইদহে (১০,৪৮২) দেখা যাচ্ছে। স্বাবলম্বী প্রচেষ্টায় ছোট ছোট ক্লাব, সমিতি, সংস্থার মাধ্যমে এবং ব্যক্তিগত পর্যায়েও এ মহতী কার্যক্রম চলছে। এ ছাড়া ২টি থানা, ১০টি ইউনিয়ন ও ৪টি গ্রামকে ত্বরিত গতিতে নিরক্ষর মুক্ত এলাকায় পরিণত করতে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আগামী ২০০০ সালের মধ্যে ঘোষিত এলাকাগুলো বাইরের সাহায্য ব্যতিরেকে স্বেচ্ছাশ্রমের মাধ্যমে স্থানীয় ভাবে স্বল্প সময়ে ও নূন্যতম ব্যয়ে নিরক্ষরতা মুক্ত করা হবে।

নিরক্ষরতা দূরীকরণের এ গণআন্দোলনে কেউ অবদান রাখতে চাইলে "নিজেরা শিখি", পোষ্ট বক্স-৮০৪৯, ঢাকা-১২১৬ ঠিকানায় যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

"নিজেরা শিখির" মাধ্যমে ইতিমধ্যেই প্রমাণিত হয়েছে যে, স্থানীয়ভাবে স্বেচ্ছাশ্রমের মাধ্যমে স্ব-শিক্ষা আন্দোলন অনিশ্চিত বিদেশি সাহায্য ছাড়াই বাস্তবতার নিরিখে ফলপ্রসূ অবদান রাখতে সক্ষম। খবর বিজ্ঞপ্তি।